৩০৬

দৈনিক সংবাদ

তারিখ ... SEP 1 ... 1999
পৃষ্ঠা ২ কলাম ৪

# ময়মনসিংহে শিক্ষক সমাবেশ

ময়মনসিংহ থেকে নিজস্ব বার্তা পরিবেশকঃ বাংলাদেশ শিক্ষক সমিতি বেসরকারি মাধ্যমিক শিক্ষকদের বেতন ১০০ ভাগ সরকারের প্রদান করা এবং সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত প্রতিষ্ঠানে উপস্থিত থাকার বিধি প্রত্যাহারের দাবি জানিয়েছে।

গত ১লা সেপ্টেম্বর ময়মনসিংহ টাউন হল সংলগ্ন শহীদ মিনার চত্বরে অনুষ্ঠিত বাংলাদেশ শিক্ষক সমিতি ঢাকা বিভাগীয় শিক্ষক সমাবেশে এ দাবি জানানো হয়। উক্ত সমাবেশে সভাপতিত্ব করেন বাংলাদেশ শিক্ষক সমিতির সহ-সভাপতি মোঃ মোমতাজ উদ্দিন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কামরুজ্জামান। এতে বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতির সহ-সভাপতি হেনা দাস ও আবদুল আওয়াল সিদ্দিকী, সাধারণ সম্পাদক চৌধুরী খুরশিদ আলম, সাংগঠনিক সম্পাদক আলাউদ্দিন ভুএরা, অর্থ সম্পাদক আব্দুর রহমান, মহিলা সম্পাদিকা বিলকিস জামান প্রমুখ।